



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনএসডিসি সচিবালয়

স্মারক নংঃ ৪০.০৫.০০০০.০১৪.০২.৩০০.২০১৭-২৮৬

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৪
২৬ মার্চ ২০১৮

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর তথ্যাদি হালনাগাদকরণ।

সূত্রঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্মারক নং-৪০.০০.০০০০.০৩৬.১৬.০০৩.১৭.১৫; তারিখ: ২৮/০১/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ফরমেট অনুযায়ী সিটিজেনস চার্টার (কপি সংযুক্ত) প্রণয়ন করে এনএসডিসি সচিবালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

সংযুক্ত: বর্ণনানুযায়ী ০৫ পাতা।

এবিএস খোরশেদ আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)
টেলিফোন নম্বরঃ +৮৮৯১০৯১

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনএসডিসি সচিবালয়

সিটিজেন চার্টার (Citizen's Charter)

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশে দক্ষতা উন্নয়ন কার্যক্রমের তত্ত্বাবধান ও নীতি নির্ধারণী মূলক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে দক্ষতা উন্নয়নের সর্বোচ্চ কর্তৃপক্ষ (Apex Body) জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (National Skills Development Council) দক্ষতা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। এনএসডিসি'র সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য ইসিএনএসডিসি কাজ করে যাচ্ছে। এনএসডিসি-সচিবালয় (NSDC Secretariat) এনএসডিসি ও ইসিএনএসডিসিকে সাচিবিক সহায়তা প্রদানসহ কাউন্সিলের নির্দেশনাসমূহ বাস্তবায়ন, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর বাস্তবায়ন, কর্মপরিকল্পনা (Action Plan) প্রণয়ন ও বাস্তবায়ন, দক্ষতা উন্নয়নের কৌশলপত্র প্রণয়ন এবং দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর, উন্নয়ন সহযোগী, এনজিও ও বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে আনুষ্ঠানিক যোগাযোগ ও সমন্বয় সাধন, আলোচনা, সভা অনুষ্ঠান, ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করে থাকে।

১. ভিশন ও মিশনঃ

ভিশনঃ

পরিবর্তনশীল প্রযুক্তি ও দেশ ও বিদেশের শ্রমবাজারের চাহিদার সাথে সংগতি রেখে দেশের শ্রমশক্তির দক্ষতা উন্নয়ন।

মিশনঃ

একটি প্রতিযোগিতামূলক দক্ষতা উন্নয়ন খাত প্রতিষ্ঠা ও এর ক্রমোন্নয়নের জন্য দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট কর্মসূচি তিনিক গবেষণা পরিচালনা, কর্ম পরিকল্পনা প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, টিডিইটি সম্পর্কিত তথ্য প্রদান, কৌশলপত্র প্রণয়ন, বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয় সাধন এবং জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর অনুসরণে এনএডিসি ও ইসিএনএসডিসি'র সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সাচিবিক সহায়তা প্রদান।

২. এনএসডিসি সচিবালয়ের প্রধান সেবাসমূহঃ

২.১ নাগরিক সেবা :

ক্রমিক	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজ পত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নাম, পদবী, ফোন ও ইমেইল
১	২	৩	৪	৫	৬	৭
১	পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (আরপিএল) প্রদানের জন্য স্থাপিত কেন্দ্রসমূহ ও অকুপেশন সম্পর্কে তথ্য প্রদান;	১। অফিসিয়াল পত্রের মাধ্যমে অবহিতকরণ ২। অফিসের ওয়েবসাইট ও ইমেইলের মাধ্যমে অবহিতকরণ।	সরাসরি/ইমেইলের মাধ্যমে আবেদন	প্রযোজ্য নয়	৩ কার্যদিবস	পরিচালক (কর্মসূচি) ফোন : ৮৮৯১০৯৪ মোব : ০১৭১৭০৬৩৬০০ ই-মেইল - rezaul134@yahoo.com

